



তারিখ : ০৮ ফেব্রুয়ারী ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর নিন্দা ও প্রতিবাদ

গতকাল চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির সাবেক সদস্য মোহাম্মদ লিয়াকত আলী চেয়ারম্যানকে রাজধানীর মতিঝিল থেকে গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতারের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

আজ এক বিবৃতিতে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, “৭ জানুয়ারী ডামি নির্বাচনের মাধ্যমে অবৈধভাবে রাষ্ট্রক্ষমতা দখলকারী ফ্যাসিস্ট আওয়ামী শাসকগোষ্ঠী নিজেদের ক্ষমতাকে মজবুত করতে বিএনপিসহ বিরোধী দল ও মতকে দমন এবং ভয় পাইয়ে দিতে এখন আরও তীব্র মাত্রায় হিংস্র হয়ে উঠেছে। গতকাল চট্টগ্রাম দক্ষিণ জেলা বিএনপির সাবেক সদস্য মোহাম্মদ লিয়াকত আলী চেয়ারম্যানকে রাজধানীর মতিঝিল থেকে গোয়েন্দা পুলিশ কর্তৃক গ্রেফতার সেই হিংস্রতারই বহিঃপ্রকাশ। ৭ জানুয়ারীর প্রহসনমূলক একতরফা নির্বাচনের পর দেশবাসীসহ বিশ্ববাসী যখন দখলদার আওয়ামী সরকারের বিরুদ্ধে নিন্দা জানাচ্ছে তখন নিজেদের অবৈধ সত্ত্বা নিয়ে বিচলিত হয়ে তারা দমন-পীড়নের পথেই অগ্রসর হচ্ছে। বর্তমানে দেশের সীমান্ত এলাকাগুলোতে মানুষের জানমালের নিরাপত্তা চরম হুমকির মুখে অথচ সরকার এ নিয়ে এক রহস্যজনক নীরবতা পালন করছে। দখলদার আওয়ামী সরকারের নীতিই হচ্ছে-দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব বিলীন করে দেয়া। এ বিষয়ে তাদের নতজানু নীতি আড়াল করতেই বিরোধী দলের নেতাকর্মীদের টার্গেট করে মিথ্যা মামলায় গ্রেফতার করেছে। তবে কোন নিপীড়ক সরকারই বেশীদিন টিকে থাকতে পারেনি। জনগণের ঐতিহাসিক প্রতিশোধ আওয়ামী শাসকগোষ্ঠীর জন্য অনিবার্য হয়ে পড়েছে।

আমি মোহাম্মদ লিয়াকত আলী চেয়ারম্যান এর বিরুদ্ধে দায়েরকৃত সকল মিথ্যা ও বানোয়াট মামলা প্রত্যাহারসহ অবিলম্বে নিঃশর্ত মুক্তির জোর আহ্বান জানাচ্ছি।”

বার্তা প্রেরক,

স্বঃ মুহাম্মদ মুনির হোসেন

(মুহাম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।